গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd

স্মারক নং-৩৭.০২.০০০০.১০৮.০৩২.০২.২১-৩৪ -বিশেষ তারিখ: ১৮/০৮/২০২৬খ্রি.

**বিষয়: মুখে খাওয়ার প্রিভেন্টিভ কলেরা ভ্যাকসিন কার্যক্রম সফল করার জন্য নির্দেশনা প্রসঙ্গে।**

সূত্র: স্বা:অধি:/রোগ নিয়ন্ত্রণ/কলেরা-ক্যাম্পেইন/২০২৬/১৩৩০, তারিখ: ০৩/০৮/২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দেশের কলেরা রোগের উচ্চ ঝুঁকিপূর্ণ এলাকায় জনস্বাস্থ্য সুরক্ষায় রোগ নিয়ন্ত্রণ, স্বাস্থ্য অধিদপ্তরের উদ্যোগে দুই রাউন্ড ব্যাপী মুখে খাওয়ার প্রিভেন্টিভ কলেরা ভ্যাকসিন (pOCV) ক্যাম্পেইন পরিচালনার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এ কর্মসূচির আওতায় আগামী ২২ আগস্ট ২০২৬ থেকে ১ম ডোজ এবং ২৬ সেপ্টেম্বর ২০২৬ থেকে ২য় ডোজ টিকা প্রদান করা হবে।

ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশনের ৭টি থানা (গেন্ডারিয়া, কদমতলী, লালবাগ, কামরাঙ্গীরচর, খিলক্ষেত, তেজগাঁও, শেরেবাংলা নগর) এবং মুন্সিগঞ্জ সদর, নারায়ণগঞ্জ সদর, ব্রাহ্মণবাড়িয়া জেলার সদর ও নবীনগর এবং কিশোরগঞ্জ জেলার করিমগঞ্জ, তাড়াইল, হোসেনপুর উপজেলাসমূহে ১ বছর ও তদুর্ধ্ব (গর্ভবতী মা ব্যাতীত) জনগোষ্ঠীকে টিকার আওতায় আনা হবে।

এমতাবস্থায়, আগামী ২২ আগস্ট ২০২৬ থেকে ১ম ডোজ এবং ২৬ সেপ্টেম্বর ২০২৬ থেকে ২য় ডোজ টিকা প্রদান কার্যক্রম সফল করতে তাঁর আওতাধীন উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, সহকারী উপজেলা/সহকারী থানা মাধ্যমিক শিক্ষা অফিসার এবং প্রধান শিক্ষক / অধ্যক্ষগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানসহ নিম্নবর্ণিত বিষয়সমূহ প্রতিপালন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

(ক) সংশ্লিষ্ট উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসারগণ প্রধান শিক্ষকদেরকে এই টিকাদান কার্যক্রমটি সফলভাবে সম্পন্ন করার জন্য স্বাস্থ্য অধিদপ্তরের নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীদেরকে সহযোগিতা করার নির্দেশনা প্রদান করবেন এবং অভিভাবক ও ছাত্রীদের মধ্যে ব্যাপকভাবে প্রচারের নিমিত্তে জেলা শিক্ষা অফিস ও মাধ্যমিক শিক্ষা অফিসের ফেসবুক পেইজে পত্রটি এবং পত্রের সাথে সংযুক্ত আনুসাঙ্গিক কাগজপত্র আপলোড করবেন;

(খ) সহকারী উপজেলা/সহকারী থানা মাধ্যমিক শিক্ষা অফিসারগণ নিজ নিজ ক্লাস্টারের বিদ্যালয় / কলেজসমূহে কার্যক্রমটি সুষ্ঠুভাবে প্রতিপালনের বিষয়টি নিবিড়ভাবে তত্ত্বাবধান করবেন;

(গ) সংশ্লিষ্ট জেলা/উপজেলা/থানার সকল কর্মকর্তাকে দৈবচয়নের ভিত্তিতে বিদ্যালয় / কলেজসমূহে উক্ত কার্যক্রম নিবিড়ভাবে পরিবীক্ষণ করতে হবে;

(ঘ) শিক্ষকগণ যেন স্বতঃস্ফূর্তভাবে উক্ত কার্যক্রমে অংশগ্রহণ করেন সেদিকে অধ্যক্ষ / প্রধান শিক্ষকগণকে লক্ষ্য রাখতে হবে। কলেজ / বিদ্যালয়ের শিক্ষকগণকে এ কর্মসূচীতে সম্পৃক্ত করতে হবে;

(ঙ) মুখে খাওয়ার প্রিভেন্টিভ কলেরা ভ্যাকসিন (pOCV) ক্যাম্পেইন সফলভাবে বাস্তবায়নের জন্য শিক্ষকগণ ছাত্র / ছাত্রীদের রেজিস্টেশন, টিকা গ্রহণ নিশ্চিতকরণ, টিকাদান কেন্দ্রে স্বেচ্ছাসেবী হিসেবে শিক্ষার্থীদের নিয়োজিত করা এবং অভিভাবকগণসহ এলাকার সকলকে উদ্বুদ্ধকরণের বিষয়টি নিশ্চিত করবেন;

(চ) টিকা প্রাপ্তির জন্য জন্ম সনদ সংখ্যা এর মাধ্যমে vaxepi.gov.bd ওয়েবসাইটে রেজিস্ট্রেশন প্রক্রিয়ায় শিক্ষার্থীদের দায়িত্বপ্রাপ্ত শিক্ষকগণ সহযোগিতা করবেন;

(ছ) যে সকল শিক্ষার্থী রেজিস্ট্রেশন করতে পারছে না, বিদ্যালয় / কলেজের আইসিটি বিভাগের শিক্ষক তাদেরকে রেজিস্ট্রেশন করতে সহায়তা করবেন;

জ) কলেজ / বিদ্যালয়ের শিক্ষকগণ সংশ্লিষ্ট স্বাস্থ্যকর্মীদের প্রয়োজনীয় সহযোগিতা করবেন।

সংযুক্তি: স্বাস্থ্য অধিদপ্তরের পত্রের ছায়ালিপি।

১৮/০৮/২৬

(প্রফেসর মোঃ সাখাওয়াত হোসেন খান)
পরিচালক (মাধ্যমিক)
ফোন নং- ০২-৪১০৫০২৮৫

জেলা শিক্ষা অফিসার
ঢাকা / মুন্সিগঞ্জ / নারায়ণগঞ্জ / ব্রাহ্মণবাড়িয়া / কিশোরগঞ্জ জেলা।

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
০২. পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
০৩. পরিচালক, রোগ নিয়ন্ত্রণ, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
০৪. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা / কুমিল্লা / ময়মনসিংহ অঞ্চল।
০৫. অধ্যক্ষ / প্রধান শিক্ষক/শিক্ষিকা, ...............................................
(সরকারি ও বেসরকারি নিম্ন মাধ্যমিক বিদ্যালয় / মাধ্যমিক বিদ্যালয় / স্কুল এন্ড কলেজ / কলেজ)।
০৬. উপ-পরিচালক (কলেজ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা / কুমিল্লা / ময়মনসিংহ অঞ্চল।
০৭. উপ-পরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা / কুমিল্লা / ময়মনসিংহ অঞ্চল।
০৮. সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মাউশি অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৯. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, গেন্ডারিয়া / কদমতলী / লালবাগ / কামরাঙ্গীরচর / খিলক্ষেত / তেজগাঁও / শেরেবাংলা নগর / মুন্সিগঞ্জ সদর / নারায়ণগঞ্জ সদর / ব্রাহ্মণবাড়িয়া সদর / নবীনগর / করিমগঞ্জ / তাড়াইল / হোসেনপুর।
১০. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
১১. অফিস সংরক্ষণ নথি।